গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ২২

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Ministry/Division)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

জনগণের স্বাস্থ্য সেবার মানোন্নয়নে বিগত ৩ বৎসরে স্বাস্থ্য খাতে ব্যাপক উন্নতি এবং উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে। শিশু মৃত্যু হার হ্রাস পেয়ে ২০১৪ সালে প্রতি হাজারে ৪৩-এ দাঁড়িয়েছে, যা ২০১১ সালে ছিল ৫২। সম্প্রসারিত টিকাদান কর্মসূচির কভারেজ ৮২% এ উন্নীত হয়েছে, যা ২০১১ সালে ছিল ৮০%। মাতৃ মৃত্যু হ্রাস পেয়ে বর্তমানে প্রতি লক্ষ জীবিত জন্মে ১৭০-এ দাঁড়িয়েছে, যা ২০১০ সালে ছিল ১৯৪। ম্যালেরিয়া, যক্ষা এবং এইচআইভি সংক্রমণ নিয়ন্ত্রণে রাখা সম্ভব রয়েছে। গ্রামীণ জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিতকল্পে প্রায় ১৩,০০০ কমিউনিটি ক্লিনিক উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। মানসম্পন্ন স্বাস্থ্যসেবা প্রদানের জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ, আধুনিক যন্ত্রপাতি, সরঞ্জাম ও উপকরণ প্রদান, বিনামূল্যে ঔষধ ও পরিবার পরিকল্পনা সামগ্রীর নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা হয়েছে। চিকিৎসকসহ অন্যান্য জনবল নিয়োগ ও পদায়ন করা হয়েছে। স্বাস্থ্যসেবাকে জনকল্যাণমুখী করার লক্ষ্যে নতুন আইন, বিধি, নীতিমালা প্রণয়ন এবং বিদ্যমান আইনের সংস্কার করা হয়েছে। সহস্রাব্দ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য শিশু মৃত্যুহার কাঙ্ক্ষিত হারে কমিয়ে আনতে সক্ষম হওয়ায় জাতিসংঘ কর্তৃক বাংলাদেশকে পুরস্কৃত করা হয়েছে। স্বাস্থ্য ব্যবস্থাপনায় সরকারি পর্যায়ে তথ্য প্রযুক্তির সফল প্রয়োগের স্বীকৃতি স্বরূপ "ডিজিটাল হেলথ ফর ডিজিটাল ডেভেলপমেন্ট" শীর্ষক সাউথ-সাউথ অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের কর্মপরিধি ব্যাপক ও বহুমাত্রিক। সীমিত সম্পদ, দক্ষ মানব সম্পদের স্বল্পতা ও ব্যবস্থাপনাগত দুর্বলতার কারণে কাঙ্খিত, মানসম্মত ও সমতাভিত্তিক স্বাস্থ্য সেবা প্রদান করা দুরুহ হয়ে পড়েছে। স্বাস্থ্যকর্মীদের পেশাগত উৎকর্ষ, উৎসাহ, উদ্দীপনা ও চিকিৎসা পেশায় নৈতিকতার অভাব গুণগত স্বাস্থ্য সেবা প্রদানের অন্যতম চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বহুবিধ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সাংগঠনিক কাঠামোর পুনর্বিন্যাসের মাধ্যমে স্বাস্থ্যসেবা ব্যবস্থাপনায় স্থানীয় জনগণকে সম্পৃক্ত করার পরিকল্পনা করা হয়েছে। প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে পর্যায়ক্রমে সর্বমোট ১৩৬৮১ টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ ও ৪২৫ টি ৩১ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে ৫০ শয্যায় উন্নীত করা হবে। গ্রামীণ জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে মানব সম্পদ উন্নয়নে অধিক জোর দেয়া হবে। দেশের জনসংখ্যা নিয়ন্ত্রণ কার্যক্রম জোরদার করে মোট প্রজনন হার ২.০ এ নামিয়ে আনা হবে। জনগণের পুষ্টিমান উন্নয়নে ভিটামিন-এ পরিপূরক গ্রহীতার হার ১০০ ভাগে উন্নীত করা হবে। অত্যাবশ্যকীয় ঔষধের মান ও মূল্য নিয়ন্ত্রণে এবং সহজলভ্যতা নিশ্চিতকরণে ঔষধ কারখানা পরিদর্শনের সংখ্যা এবং জিএমপি (GMP) এবং মানদন্ড অনুযায়ী ঔষধের নমুনা পরীক্ষাকরণ কার্যক্রম জোরদার করা হবে। বিশেষায়িত স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে পর্যায়ক্রমে ৬৪ টি জেলায় স্ক্যানু (SCANU) সেবা ও আইসিইউ শয্যা বৃদ্ধি করা হবে।

২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ৩০ মে ২০১৬ তারিখের মধ্যে বেসরকারি চিকিৎসা সেবা আইন, ২০১৫ মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য প্রেরণ
- ১৫ অক্টোবর ২০১৫ তারিখের মধ্যে বাংলাদেশ স্বাস্থ্য জনশক্তি কৌশলপত্র অনুমোদন ও জারি
- ১৩১০০ টি (ক্রমপুঞ্জিভুত) কমিউনিটি ক্লিনিক নির্মাণ
- ইপিআই কভারেজ হার (এমসিভি-১) ৮৯% এ উন্নীতকরণ
- গর্ভনিরোধক গ্রহণের হার ৮০% এ উন্নীতকরণ
- জিএমপি ও ঔষধের মান নিয়ন্ত্রণে ঔষধ কারখানা পরিদর্শনের সংখ্যা ১২০০-এ বৃদ্ধিকরণ
- ২৭৮টি (ক্রমপুঞ্জিভূত) উপজেলা হাসপাতালে প্যাকেজভুক্ত যন্ত্রপাতি সরবরাহ

উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের সেপ্টেম্বর মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision):

সুস্থ জাতি সমৃদ্ধ দেশ।

১.২ অভিলক্ষ্য (Mission)

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতের উন্নয়নের মাধ্যমে সবার জন্য গুণগত স্বাস্থ্যসেবা ও পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিত করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. আইন, বিধি ও নীতিগত কাঠামো শক্তিশালীকরণ
২. সার্বজনীন স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ
৩. সংক্রামক ও অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ জোরদারকরণ
৪. পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণ
৫. মানব সম্পদ উন্নয়ন
৬. মা ও শিশুর স্বাস্থ্যসেবা ও পুষ্টির মানোন্নয়ন

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions)

১. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন এবং বাস্তবায়ন নিশ্চিতকরণ
২. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান নির্মাণ, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ
৩. মানসম্পন্ন ঔষধ উৎপাদন ও বিতরণ এবং আমদানি ও রপ্তানিযোগ্য ঔষধের মান নিয়ন্ত্রণ
৪. পরিবার পরিকল্পনাসহ প্রজনন স্বাস্থ্য সেবার সম্প্রসারণ এবং জনসংখ্যাকে পরিকল্পিতভাবে নিয়ন্ত্রণ
৫. সম্প্রসারিত টিকাদান কর্মসূচি এবং পুষ্টি কর্মসূচি বাস্তবায়নসহ মাতৃ ও শিশু স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ
৬. প্রাথমিক ও জরুরি স্বাস্থ্যসেবাসহ সর্বস্তরে স্বাস্থ্যসেবা প্রদান
৭. সংক্রামক ও অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ, প্রতিরোধ ও প্রতিকার এবং জনস্বাস্থ্য উন্নয়ন
৮. চিকিৎসা শিক্ষা ও গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ এবং চিকিৎসা পেশার মান নির্ধারণ ও নিয়ন্ত্রণ
৯. মানব সম্পদ ব্যবস্থাপনার মাধ্যমে দক্ষ স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন

সেকশন ২

মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল সূচক	একক	ভিত্তি বছর ২০১৩-২০১৪	প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫	লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০১৬-২০১৭	২০১৭-২০১৮		
শিশু মৃত্যু হ্রাস	শিশু মৃত্যু হার	প্রতি হাজারে	৪১	৩৮	৩৭	৩৬	৩৫	স্থানীয় সরকার বিভাগ	বিডিএইচএস ২০১৪ ইউনিসেফ
মাতৃ মৃত্যু হ্রাস	মাতৃ মৃত্যু অনুপাত	প্রতি লক্ষে	১৯৪	১৭০	১৪৩	১৪০	১৩৮	স্থানীয় সরকার বিভাগ	বিএমএমএস ২০১৪ ইউনিসেফ
মোট প্রজনন হার (TFR) হ্রাস	মোট প্রজনন হার (TFR)	প্রতি মহিলায়	২.৩	২.২	২.১	২.০	২.২	স্থানীয় সরকার বিভাগ	বিডিএইচএস ২০১৪
অনূর্ধ্ব ৫ বছর বয়সী শিশুর অপুষ্টি হ্রাস	অনূর্ধ্ব ৫ বছর বয়সী শিশুর অপুষ্টির হার	প্রতি হাজারে	৩৪	৩৪	৩৩	৩২	৩২	স্থানীয় সরকার বিভাগ	বিডিএইচএস ২০১৪
সম্প্রসারিত টিকাদান কর্মসূচির সম্প্রসারন	টিকাদান কভারেজ হার (এমসিভি-১)	%	৮৬	৮৮	৮৯	৯০	৯০	স্থানীয় সরকার বিভাগ	ইপিআই কভারেজ সার্ভে ২০১৪

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৩-২০১৪	প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬					প্রক্ষেপন ২০১৬-২০১৭	প্রক্ষেপন ২০১৭-২০১৮
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ														
[১] আইন, বিধি ও নীতিগত কাঠামো শক্তিশালীকরণ	২০	[১.১] বেসরকারি চিকিৎসাসেবা আইন, ২০১৫	[১.১.১] প্রণীত খসড়া	তারিখ	৪.০০			৩০-০৪-২০১৬	১০-০৫-২০১৬	১৭-০৫-২০১৬	২৪-০৫-২০১৬	২৮-০৫-২০১৬		
			[১.১.২] মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য প্রেরিত	তারিখ	৩.০০			৩০-০৫-২০১৬	০৭-০৬-২০১৬	১৪-০৬-২০১৬	২১-০৬-২০১৬	৩০-০৬-২০১৬		
		[১.২] বাংলাদেশ কলেজ অব ফিজিসিয়্যানস এন্ড সার্জনস আইন, ২০১৫	[১.২.১] প্রণীত খসড়া	তারিখ	৪.০০			৩১-০৩-২০১৬	১০-০৪-২০১৬	১৭-০৪-২০১৬	২৪-০৪-২০১৬	২৮-০৪-২০১৬		
			[১.২.২] মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য প্রেরিত	তারিখ	৩.০০			২৩-০৫-২০১৬	৩০-০৫-২০১৬	১৪-০৬-২০১৬	২১-০৬-২০১৬	৩০-০৬-২০১৬		
		[১.৩] বাংলাদেশ স্বাস্থ্য জনশক্তি কৌশলপত্র প্রণয়ন	[১.৩.১] প্রণীত খসড়া	তারিখ	৪.০০			৩১-০৮-২০১৫	০৭-০৯-২০১৫	১৪-০৯-২০১৫	২১-০৯-২০১৫	২৮-০৯-২০১৫		
			[১.৩.২] কৌশলপত্র অনুমোদন ও জারি	তারিখ	২.০০			১৫-১০-২০১৫	২০-১০-২০১৫	২৫-১০-২০১৫	২৬-১০-২০১৫	২৮-১০-২০১৫		

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৩-২০১৪	প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬					প্রক্ষেপন ২০১৬-২০১৭	প্রক্ষেপন ২০১৭-২০১৮
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ														
[২] সার্বজনীন স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ	১৯	[২.১] কমিউনিটি ক্লিনিক নির্মাণ	[২.১.১] নির্মিত ক্লিনিক	সংখ্যা (ক্রমপুঞ্জিভূত)	২.০০	১২৭০০	১২৯১০	১৩১০০	১২৯৯০	১২৯৭০	১২৯৫০	১২৯১০	১৩৩০০	১৩৫০০
		[২.২] কিট বক্স (মেডিসিন) সরবরাহকরণ	[২.২.১] সরবরাহকৃত কিট বক্স	সংখ্যা	২.০০	৮৮০০০	৮৮০০০	৯০০০০	৮৯৫০০	৮৯০০০	৮৮৫০০	৮৮০০০	৯৫০০০	১০০০০০
		[২.৩] ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ	[২.৩.১] নির্মিত কেন্দ্র	সংখ্যা	১.০০	২৫	১৬	১৮	১৭	১৬	১৫	১৪	২০	২২
		[২.৪] ৩১ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে ৫০ শয্যায় উন্নীতকরণ	[২.৪.১] উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স	সংখ্যা (ক্রমপুঞ্জিভূত)	১.০০	২৭৬	২৮২	৩০০	২৯৫	২৯০	২৮৮	২৮৫	৩০০	৩২৫
		[২.৫] উপজেলা হাসপতালে যন্ত্রপাতি সরবরাহকরণ	[২.৫.১] যন্ত্রপাতি সরবরাহকৃত উপজেলা হাসপতাল	প্যাকেজ (ক্রমপুঞ্জিভূত)	১.০০	১৫০	২২৫	২৭৮	২৬০	২৫০	২৪০	২২৬	৩০০	৩২৫
		[২.৬] হাসপাতালে স্ক্যানু (SCANU) সেবা বৃদ্ধিকরণ	[২.৬.১] স্ক্যানু (SCANU) সমৃদ্ধ হাসপাতাল	সংখ্যা	২.০০	৬	২৪	১৯	১৮	১৭	১৬	১৫	২৫	৩০
		[২.৭] আইসিইউ শয্যা বৃদ্ধিকরণ	[২.৭.১] আইসিইউ শয্যা	সংখ্যা (ক্রমপুঞ্জিভূত)	১.০০	১৫৯	২৪৯	২৭৫	২৭০	২৬৫	২৬০	২৫০	৩৬০	৪২০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৩-২০১৪	প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬					প্রক্ষেপন ২০১৬-২০১৭	প্রক্ষেপন ২০১৭-২০১৮
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ														
		[২.৮] জিএমপি (GMP) এবং মানদন্ড অনুযায়ী ঔষধের নমুনা পরীক্ষাকরণ	[২.৮.১] পরীক্ষাকৃত ঔষধ	সংখ্যা	২.০০	৫৮১৫	৭৪৫৫	৬০০০	৫৯৯০	৫৯৮০	৫৯৬৫	৫৯৫০	৬২০০	৬৪০০
		[২.৯] ঔষধ কারখানা পরিদর্শন	[২.৯.১] পরিদর্শনকৃত ঔষধ কারখানা	সংখ্যা	২.০০	১০৮৫	১১৯৯	১২০০	১১৯৫	১১৯০	১১৮৫	১১৮০	১২৫০	১৩০০
		[২.১০] স্বাস্থ্যসেবার সামর্থ্য বৃদ্ধি	[২.১০.১] শয্যা ব্যবহারের হার (জেলা হাসপাতাল)	%	৩.০০	১১৭	১২১.৬	১১৩	১১৩.৫	১১৪	১১৪.৫	১১৫	১১২	১১১
			[২.১০.২] টিকিউএম কার্যক্রম চালুকৃত হাসপাতাল	সংখ্যা (ক্রমপুঞ্জিভূত)	২.০০	৫২	৫২	১১৭	১১০	১০৫	১০০	৯৫	১৫০	১৭৫
[৩] পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণ	১২	[৩.১] দীর্ঘ মেয়াদি ও স্থায়ী পদ্ধতি গ্রহণকারী সক্ষম দম্পতি সংখ্যা বৃদ্ধিকরণ	[৩.১.১] সক্ষম দম্পতি	সংখ্যা (কোটি)	৩.০০	৭.৭২	৭.৭১	৮.২০	৮.১৫	৮.১০	৮.০৫	৮.০০	৮.২৫	৮.৩০
		[৩.২] গর্ভনিরোধক গ্রহণের হার বৃদ্ধি	[৩.২.১] গর্ভনিরোধক গ্রহণ	%	৩.০০	৭৭.৮০	৭৮.৬০	৮০.০০	৭৯.৫০	৭৯.২০	৭৯.০০	৭৮.৬০	৮০.৫০	৮১.০০
		[৩.৩] পরিবার পরিকল্পনা পদ্ধতির অপূর্ণ চাহিদার হার হ্রাসকরণ	[৩.৩.১] পরিবার পরিকল্পনা পদ্ধতির অপূর্ণ চাহিদা	%	৩.০০	১২.০০	১২.০০	১২.৫০	১২.৪০	১২.৩০	১২.২০	১২.১০	১১.৫০	১১.০০
		[৩.৪] পরিবার পরিকল্পনা বিষয়ে প্রচারিত বিজ্ঞাপনের সংখ্যা বৃদ্ধিকরণ	[৩.৪.১] প্রচারিত বিজ্ঞাপন	সংখ্যা	৩.০০	২৮৭৬৫	৩০৬৩৫	৩২০০০	৩১৬০০	৩১৪০০	৩১২০০	৩১০০০	৩৩০০০	৩৪০০০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৩-২০১৪	প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬					প্রক্ষেপন ২০১৬-২০১৭	প্রক্ষেপন ২০১৭-২০১৮
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ														
[৪] সংক্রামক ও অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ জোরদারকরণ	১২	[৪.১] ম্যালেরিয়ার প্রকোপ হ্রাস	[৪.১.১] কীটনাশক যুক্ত মশারি (আইটিএন-ইনসেক্টিসাইড ট্রিটেড নেট)	সংখ্যা (লক্ষ)	২.০০	৭.৫	১৩.১২	১০.৮৯	১০.৭০	১০.৬০	১০.২০	১০.০০	১১.১০	৮.৩১
		[৪.২] বছরে দুবার স্কুলগামী শিশুদের (৫-১২ বছর) কৃমিনাশক বড়ি বিতরণ কার্যক্রম	[৪.২.১] কৃমিনাশক বড়ি গ্রহণকারী স্কুলগামী শিশু (৫-১২ বছর)	%	৩.০০	৯৯	৯৮.৯	৯৯	৯৮	৯৬	৯৪	৯২	৯৯	৯৯
		[৪.৩] যক্ষা নিয়ন্ত্রণ	[৪.৩.১] যক্ষার নতুন রোগী (স্পুটাম পজিটিভ) শনাক্তকরণ	সংখ্যা (হাজার)	৩.০০	১০৭	১২৬.৪	১০৫	১০৫.২৫	১০৫.৫০	১০৫.৭৫	১০৬	১০৪	১০৩
		[৪.৪] এইচআইভি ও এইডস প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ	[৪.৪.১] এআরটি (ART) প্রাপ্য এইচআইভি রোগী	সংখ্যা	২.০০	১১৯৩	১৪৯৫	৩০০০	২৯০০	২৮০০	২৭৫০	২৭০০	৩২০০	৩৫০০
		[৪.৫] জরায়ু-মুখের ক্যান্সার স্ক্রীনিং এবং নির্ণয়ের সুবিধা বৃদ্ধি	[৪.৫.১] জরায়ু-মুখের ক্যান্সার স্ক্রীনিংকৃত রোগী	সংখ্যা (লক্ষ)	২.০০	১৫২	১৯৫	১৭০	১৬৯	১৬৮	১৬৭	১৬৬	১৭২	১৭৫
[৫] মানব সম্পদ উন্নয়ন	১০	[৫.১] চিকিৎসা শিক্ষা শক্তিশালীকরণ	[৫.১.১] প্রশিক্ষিত শিক্ষক	সংখ্যা	৩.০০	২১৭	২৪০	২৬০	২৫৫	২৫০	২৪৫	২৪০	৩০০	৩৫০
		[৫.২] সরকারি মিডওয়াইফের সংখ্যা বৃদ্ধিকরণ	[৫.২.১] সরকারি মিডওয়াইফ	সংখ্যা	৩.০০	০	০	৫৫০	৫০০	৪৮০	৪৫০	৪২৫	৬০০	৬৫০
		[৫.৩] জিএমপি (GMP) বিষয়ে কর্মী প্রশিক্ষণ	[৫.৩.১] জিএমপি (GMP) বিষয়ে প্রশিক্ষিত কর্মী	সংখ্যা	৩.০০	৬৪	১১০	৫০	৪৬	৪৪	৪২	৪০	৬০	৭০
		[৫.৪] অটিজম এবং নিউরো-ডেভলপমেন্টাল প্রতিবন্ধীদের সেবা বিষয়ে স্বাস্থ্যকর্মী প্রশিক্ষণ	[৫.৪.১] অটিজম এবং নিউরো-ডেভলপমেন্টাল প্রতিবন্ধী সেবা বিষয়ে প্রশিক্ষিত স্বাস্থ্যকর্মী	সংখ্যা	১.০০	১৭৪	৫৪	৪০০	৩৯৫	৩৯০	৩৮৫	৩৮০	৫০০	৬০০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৩-২০১৪	প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬					প্রক্ষেপন ২০১৬-২০১৭	প্রক্ষেপন ২০১৭-২০১৮
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ														
[৬] মা ও শিশুর স্বাস্থ্যসেবা ও পুষ্টির মানোন্নয়ন	১০	[৬.১] প্রাতিষ্ঠানিক প্রসব সুবিধা সম্প্রসারণ	[৬.১.১] প্রসবপূর্ব (ন্যূনতম ১ বার) সেবা গ্রহীতা	সংখ্যা	২.০০	১৮.৫০	১৯.৭৬	২০.৫০	২০.২০	২০.০০	১৯.৭০	১৯.৫০	২১	২২
			[৬.১.২] দক্ষ ধাত্রী (এসবিএ) দ্বারা প্রসব	%	২.০০	৪২.১০	৪২.১০	৪৪.০০	৪৩.৫০	৪৩.০০	৪২.৫০	৪২.১০	৪৬	৪৮
		[৬.২] সম্প্রসারিত টিকাদান কর্মসূচি	[৬.২.১] ইপিআই কভারেজ (হাম)	%	৪.০০	৮৫	৮৬	৮৮	৮৭.৮০	৮৭.৫০	৮৬.৩০	৮৬.০০	৮৯	৯০
		[৬.৩] পুষ্টি কর্মসূচি বাস্তবায়ন	[৬.৩.১] শিশুদের (৬-৫৯ মাস) ভিটামিন-এ পরিপূরক প্রদান	%	২.০০	১০০	৯৯	১০০	৯৯.৫০	৯৯	৯৮.৫০	৯৮	১০০	১০০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৩-২০১৪	প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬					প্রক্ষেপন ২০১৬-২০১৭	প্রক্ষেপন ২০১৭-২০১৮
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ														
[১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৫	[১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	[১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত	দিন	১.০০			৫	৬	৭	৮	৯		
		[১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	[১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১.০০			৩১-০৮-২০১৫	০১-০৯-২০১৫	০২-০৯-২০১৫	০৩-০৯-২০১৫	০৪-০৯-২০১৫		
		[১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ	[১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন	সংখ্যা	১.০০			৫	৪	৩				
		[১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর	[১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত	তারিখ	১.০০			১৫-১০-২০১৫	১৯-১০-২০১৫	২২-১০-২০১৫	২৬-১০-২০১৫	২৯-১০-২০১৫		
		[১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান	[১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা	সংখ্যা	১.০০			৩	২	১				

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৩-২০১৪	প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬					প্রক্ষেপন ২০১৬-২০১৭	প্রক্ষেপন ২০১৭-২০১৮
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ														
[২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন	৫	[২.১] পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্স চার্টার প্রণয়ন	[২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	১.০০			২৯-১০-২০১৫	০৫-১১-২০১৫	১২-১১-২০১৫	১৯-১১-২০১৫	২৬-১১-২০১৫		
			[২.১.২] অধিদপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত	তারিখ	১.০০			৩০-১১-২০১৫	০৭-১২-২০১৫	১৪-১২-২০১৫	২১-১২-২০১৫	২৮-১২-২০১৫		
		[২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	[২.২.১] নিষ্পত্তিকৃত অভিযোগ	%	১.০০			৯০	৮০	৭০	৬০	৫০		
		[২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন	[২.৩.১] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১.০০			৩০-১১-২০১৫	০৭-১২-২০১৫	১৪-১২-২০১৫	২১-১২-২০১৫	২৮-১২-২০১৫		
			[২.৩.২] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত	তারিখ	১.০০			৩০-১১-২০১৫	০৭-১২-২০১৫	১৪-১২-২০১৫	২১-১২-২০১৫	২৮-১২-২০১৫		
[৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৩	[৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	[৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত	তারিখ	১.০০			৩০-১১-২০১৫	০৭-১২-২০১৫	১৪-১২-২০১৫	২১-১২-২০১৫	২৮-১২-২০১৫		
			[৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম	%	১.০০			১০০	৯৫	৯০	৮৫	৮০		
		[৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন	[৩.২.১] প্রশিক্ষণের সময়	জনঘণ্টা	১.০০			৬০	৫৫	৫০	৪৫	৪০		

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	কর্মসম্পাদন সূচকের মান	ভিত্তি বছর ২০১৩-২০১৪	প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬					প্রক্ষেপণ ২০১৬-২০১৭	প্রক্ষেপণ ২০১৭-২০১৮
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ														
[৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন	২	[৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন	[৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	১.০০			২৯-১০-২০১৫	০৫-১১-২০১৫	১২-১১-২০১৫	১৯-১১-২০১৫	২৬-১১-২০১৫		
		[৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ	[৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	০.৫০			২৯-১০-২০১৫	০৫-১১-২০১৫	১২-১১-২০১৫	১৯-১১-২০১৫	২৬-১১-২০১৫		
		[৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন	[৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	০.৫০			১৫-১০-২০১৫	২৯-১০-২০১৫	১৫-১১-২০১৫	৩০-১১-২০১৫	১৫-১২-২০১৫		
[৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	২	[৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ	[৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১.০০			৫	৪	৩	২	১		
		[৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	[৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১.০০			৫০	৪৫	৪০	৩৫	৩০		

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

সৈয়দ মনজুরুল ইসলাম — ২০/০৭/২০১৫

সচিব — তারিখ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

২০/০৭/২০১৫

মন্ত্রিপরিষদ সচিব — তারিখ

মন্ত্রিপরিষদ বিভাগ

সংযোজনী-১

শব্দসংক্ষেপ (Acronyms)

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	স্ক্যানু (SCANU)	বিশেষায়িত নবজাতক সেবা কেন্দ্র (Special Care Newborn Unit)
২	জিএমপি (GMP)	মানসম্মত উৎপাদন পদ্ধতি (Good Manufacturing Practice)
৩	আইসিইউ (ICU)	নিবিড় পরিচর্যা কেন্দ্র (Intensive Care Unit)
৪	এসবিএ (SBA)	দক্ষ ধাত্রী (Skill Birth Attendant)
৫	এএনসি (ANC)	প্রসব পূর্ব সেবা (Ante-Natal Care)
৬	ইপিআই (EPI)	সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (Expanded Program on Immunization)
৭	আইটিএন (ITN)	কীটনাশক যুক্ত মশারি (Insecticide Treated Net)
৮	এআরটি (ART)	এন্টি-রেট্রোভাইরাল থেরাপি (Anti-Retroviral Therapy)
৯	এইচআইভি (HIV)	হিউম্যান ইমিউনো ডিফিসিয়েন্সি ভাইরাস (Human Immuno-deficiency Virus)
১০	ডিজিএইচএস (DGHS)	স্বাস্থ্য অধিদপ্তর (Directorate General of Health Services)
১১	ডিজিএফপি (DGFP)	পরিবার পরিকল্পনা অধিদপ্তর (Directorate General of Family Planning)
১২	ডিজিএফপি (DGFP) টিকিউএম (TQM)	সার্বিক গুণগত ব্যবস্থাপনা (Total Quality Management)
১৩	এমআইএস (MIS)	তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (Management Information Systems)
১৪	টিএফআর (TFR)	মোট প্রজনন হার (Total Fertility Rate)
১৫	সিবিএইচসি (CBHC)	কমিউনিটি বেসড হেলথ কেয়ার (Community Based Health Care)
১৬	এইচপিএনএসডিপি (HPNSDP)	স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাত উন্নয়ন কর্মসূচি (Health Population and Nutrition Sector Development Program)

সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র	সাধারণ মন্তব্য
[১.১] বেসরকারি চিকিৎসাসেবা আইন, ২০১৫	[১.১.১] প্রণীত খসড়া	সংশ্লিষ্ট অনুবিভাগ/ অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা এবং বিশেষজ্ঞদের মতামত সন্নিবেশ করে খসড়া প্রণয়ন।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
	[১.১.২] মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য প্রেরিত	খসড়া আইন প্রণয়নের পর জাতীয় সংসদে প্রেরণের পূর্বে মন্ত্রিসভার অনুমোদনের জন্য প্রেরণ।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মন্ত্রি পরিষদ বিভাগ	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[১.২] বাংলাদেশ কলেজ অব ফিজিসিয়ানস এন্ড সার্জনস আইন, ২০১৫	[১.২.১] প্রণীত খসড়া	সংশ্লিষ্ট অনুবিভাগ/ অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা এবং বিশেষজ্ঞদের মতামত সন্নিবেশ করে খসড়া প্রণয়ন।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
	[১.২.২] মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের জন্য প্রেরিত	খসড়া আইন প্রণয়নের পর জাতীয় সংসদে প্রেরণের পূর্বে মন্ত্রিসভার অনুমোদনের জন্য প্রেরণ।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মন্ত্রি পরিষদ বিভাগ	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[১.৩] বাংলাদেশ স্বাস্থ্য জনশক্তি কৌশলপত্র প্রণয়ন	[১.৩.১] প্রণীত খসড়া	সংশ্লিষ্ট অনুবিভাগ/ অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা এবং বিশেষজ্ঞদের মতামত সন্নিবেশ করে খসড়া প্রণয়ন।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
	[১.৩.২] কৌশলপত্র অনুমোদন ও জারি	স্বাস্থ্য ব্যবস্থার অন্যতম মৌলিক উপাদান হচ্ছে স্বাস্থ্য জনশক্তি। স্বাস্থ্য ব্যবস্থার সফলতা স্বাস্থ্য জনশক্তির উন্নয়ন, পরিকল্পনা ও ব্যবস্থাপনার উপর নির্ভরশীল। স্বাস্থ্য খাতের রূপকল্প, অভিলক্ষ্য ও উদ্দেশ্য অর্জন করতে স্বাস্থ্য জনশক্তির সঠিক ব্যবস্থাপনার লক্ষ্যে "বাংলাদেশ স্বাস্থ্য জনশক্তি কৌশলপত্র" প্রণয়ন অনুমোদন ও জারি করা হবে।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[২.১] কমিউনিটি ক্লিনিক নির্মাণ	[২.১.১] নির্মিত ক্লিনিক	প্রতি ৬০০০ জনগোষ্ঠীর জন্য ১টি করে কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠা করা এর উদ্দেশ্য। বর্তমান লক্ষমাত্রা হচ্ছে ১৩৮৬১টি কমিউনিটি ক্লিনিক স্থাপন করা। এই সূচক লক্ষ্যমাত্রা অর্জনে সহায়তা করবে। এই স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান হতে প্রাথমিক স্বাস্থ্য সেবা, পরিবার পরিকল্পনা সেবা দেওয়া হয়। এছাড়া প্রত্যেকটি কমিউনিটি ক্লিনিকে স্বাভাবিক প্রসব প্রদানের পরিকল্পনা আছে।	সিবিএইচসি (CBHC), স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[২.২] কিট বক্স (মেডিসিন) সরবরাহকরণ	[২.২.১] সরবরাহকৃত কিট বক্স	কমিউনিট ক্লিনিকে সরবারহকৃত ৩০ প্রকারের ঔষধ সম্বলিত বক্স।	সিবিএইচসি (CBHC)	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র	সাধারণ মন্তব্য
[২.৩] ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ	[২.৩.১] নির্মিত কেন্দ্র	পাঁচ স্তর বিশিষ্ট স্বাস্থ্য সেবা প্রদানের প্রাতিষ্ঠানিক কাঠামোর দ্বিতীয় স্তর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র। এ কেন্দ্রের সংখ্যা বৃদ্ধি জনগণের প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রাপ্তিতে সহায়ক হবে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[২.৪] ৩১ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে ৫০ শয্যায় উন্নীতকরণ	[২.৪.১] উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স	উপজেলা পর্যায়ের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবাসহ প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান। জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে পর্যায়ক্রমে সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এর শয্যা সংখ্যা ৩১ হতে বৃদ্ধি করে ৫০ শয্যা করার কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[২.৫] উপজেলা হাসপতালে যন্ত্রপাতি সরবরাহকরণ	[২.৫.১] যন্ত্রপাতি সরবরাহকৃত উপজেলা হাসপতাল	৫০ শয্যায় উন্নীত উপজেলা হাসপাতালে প্যাকেজভুক্ত (ইসিজি, আল্ট্রাসনোগ্রাম, কলরোমিটার, মাইক্রোসকোপ ইত্যাদি) যন্ত্রপাতি সরবরাহ।	স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[২.৬] হাসপাতালে স্ক্যানু (SCANU) সেবা বৃদ্ধিকরণ	[২.৬.১] স্ক্যানু (SCANU) সমৃদ্ধ হাসপাতাল	অপরিণত অবস্থায় জন্মগ্রহণকারী শিশু ও জটিল নিউমোনিয়ায় আক্রান্ত শিশুদের জন্য জীবনরক্ষাকারী সাজসরঞ্জাম সমৃদ্ধ একটি বিশেষায়িত ইউনিট। দেশের সকল জেলার জেলা হাসপাতাল/ মেডিকেল কলেজ হাসপাতাল এবং সীমিত সংখ্যক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সুবিধা সম্প্রসারণ করা হবে। এ সূচক পরোক্ষভাবে শিশু মৃত্যু হ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।	স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[২.৭] আইসিইউ শয্যা বৃদ্ধিকরণ	[২.৭.১] আইসিইউ শয্যা	নিবিড় পরিচর্যা ইউনিট (আইসিইউ-Intensive care unit) একটি বিশেষায়িত ইউনিট যেখানে সংকটাপন্ন রোগীর নিবিড় পরিচর্যা ও জরুরি প্রাণরক্ষাকারী সেবা প্রদান করা হয়। দেশের নির্দিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল/ জেলা হাসপাতালে সীমিতভাবে আইসিইউ সেবা বিদ্যমান। জনগণের বিশেষায়িত স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে পর্যায়ক্রমে আইসিইউ শয্যা বৃদ্ধি করা হবে।	গণপূর্ত অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[২.৮] জিএমপি (GMP) এবং মানদন্ড অনুযায়ী ঔষধের নমুনা পরীক্ষাকরণ	[২.৮.১] পরীক্ষাকৃত ঔষধ	বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক প্রস্তুতকৃত মানদন্ড অনুযায়ী ঔষধ উৎপাদন নির্দেশিকাকে জিএমপি বলে। এই নির্দেশিকায় উচ্চ মান সম্পন্ন ও ঝুঁকিমুক্ত ঔষধ তৈরিতে ঔষধ উৎপাদক প্রতিষ্ঠানকে সর্বনিম্ন আবশ্যিক শর্তসমূহ পালন করতে হয়। উৎপাদক প্রতিষ্ঠান কর্তৃক শর্ত প্রতিপালনের বিষয়টি যাচাই করা হয়।	ঔষধ প্রশাসন অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[২.৯] ঔষধ কারখানা পরিদর্শন	[২.৯.১] পরিদর্শনকৃত ঔষধ কারখানা	মানসম্মত ও নিরাপদ ঔষধ উৎপাদন ও বিপণন ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে পরিদর্শিত ঔষধ কারখানা পরিদর্শনের সংখ্যা।	ঔষধ প্রশাসন অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র	সাধারণ মন্তব্য
[২.১০] স্বাস্থ্যসেবার সামর্থ্য বৃদ্ধি	[২.১০.১] শয্যা ব্যবহারের হার (জেলা হাসপাতাল)	নির্দিষ্ট সময়ে হাসপাতালের মোট শয্যার বিপরীতে ভর্তি রোগীর শতকরা হার। এটি হাসপাতালের শয্যার চাহিদা মূল্যায়ন করার জন্য ব্যবহৃত হয় এবং চাহিদা অনুযায়ী স্বাস্থ্যসেবা ও হাসপাতলের শয্যা সংখ্যার মধ্যে ভারসাম্য পরিমাপ করতে সহায়তা করে।	স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
	[২.১০.২] টিকিউএম কার্যক্রম চালুকৃত হাসপাতাল	স্বাস্থ্য সেবার গুণগত মানোন্নয়নে দেশের প্রতিটি হাসপাতালে পর্যায়ক্রমে সার্বিক গুণগত ব্যবস্থাপনা (টোটাল কোয়ালিটি ম্যানেজমেন্ট-টিকিউএম) পদ্ধতি বাস্তবায়ন করা হবে। এটি মূলত স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের কর্ম পরিবেশ উন্নয়ন করে স্বল্প সময়ে মানসম্পন্ন ও সঠিক সেবা প্রদানে সহায়তা করে।	স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৩.১] দীর্ঘ মেয়াদি ও স্থায়ী পদ্ধতি গ্রহণকারী সক্ষম দম্পতি সংখ্যা বৃদ্ধিকরণ	[৩.১.১] সক্ষম দম্পতি	পরিবার পরিকল্পনার দীর্ঘ মেয়াদি ও স্থায়ী গর্ভনিরোধক পদ্ধতিগুলো হচ্ছে আইইউডি, ইমপ্ল্যান্ট, মহিলাদের টিউবাল লাইগেশন ও পুরুষদের ভেসেকটমি। ইমপ্ল্যান্ট এর মধ্যে টিউবাল কপার টি-৩৮০ এর মেয়াদ ১০ বছর এবং আই–প্ল্যান্ট এর মেয়াদ ৫ বছর এবং নিরাপদ। প্রশিক্ষিত চিকিৎসক ও পরিবার কল্যাণ পরিদর্শিকা এ সেবা প্রদান করে থাকেন। জন্মনিয়ন্ত্রণে দীর্ঘ মেয়াদি ও স্থায়ী পদ্ধতি গ্রহণকারী সক্ষম দম্পতি বলতে জন্ম নিয়ন্ত্রণের এসব পদ্ধতি গ্রহণকারীকে বুঝায়।	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৩.২] গর্ভনিরোধক গ্রহণের হার বৃদ্ধি	[৩.২.১] গর্ভনিরোধক গ্রহণ	সক্ষম দম্পতির মধ্যে জন্ম নিয়ন্ত্রণের বিভিন্ন পদ্ধতি গ্রহণের হার।	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৩.৩] পরিবার পরিকল্পনা পদ্ধতির অপূর্ণ চাহিদার হার হ্রাসকরণ	[৩.৩.১] পরিবার পরিকল্পনা পদ্ধতির অপূর্ণ চাহিদা	অপূর্ণ চাহিদা (unmet need) বলতে প্রজননক্ষম মহিলাদের ঐ চাহিদা যারা কোন সন্তান নিতে আগ্রহী নন অথবা দেরিতে নিতে চান এবং কোন ধরনের জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেন না। এই সূচক দ্বারা মহিলাদের সন্তান জন্মদানে ইচ্ছা ও জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহারের পার্থক্য নির্দেশ করে।	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৩.৪] পরিবার পরিকল্পনা বিষয়ে প্রচারিত বিজ্ঞাপনের সংখ্যা বৃদ্ধিকরণ	[৩.৪.১] প্রচারিত বিজ্ঞাপন	পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধকরণের ক্ষেত্রে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে সচেতনতা বৃদ্ধিতে প্রচারিত বিজ্ঞাপন সংখ্যা।	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৪.১] ম্যালেরিয়ার প্রকোপ হ্রাস	[৪.১.১] কীটনাশক যুক্ত মশারি (আইটিএন-ইনসেক্টিসাইড ট্রিটেড নেট)	ম্যালেরিয়া উপদ্রুত এলাকায় কীটনাশকযুক্ত মশারি বিতরণের সংখ্যা। এই মশারি মশা নিধন ও মশার কামড় রোধে ভূমিকা পালন করে। এই কার্যক্রম ম্যালেরিয়া রোগে আক্রান্ত ব্যক্তির সংখ্যা হ্রাসে সহায়তা করে।	স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৪.২] বছরে দুবার স্কুলগামী শিশুদের (৫-১২ বছর) কৃমিনাশক বড়ি বিতরণ কার্যক্রম	[৪.২.১] কৃমিনাশক বড়ি গ্রহণকারী স্কুলগামী শিশু (৫-১২ বছর)	বছরে দু'বার (এপ্রিল ও অক্টোবর মাসে) বিনামূল্যে সকল শিশুকে কৃমির ঔষধ খাওয়ানো হয়। ৫-১২ বছর বয়সী স্কুলগামী শিশুদের কৃমিনাশক বড়ি গ্রহণকারীর হার দ্বারা সফলতা পরিমাপ করা হয়।	স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র	সাধারণ মন্তব্য
[৪.৩] যক্ষ্মা নিয়ন্ত্রণ	[৪.৩.১] যক্ষার নতুন রোগী (স্পুটাম পজিটিভ) শনাক্তকরণ	যক্ষার নতুন রোগী শনাক্তকরণে এ সূচক ব্যবহৃত হয়। কফ পরীক্ষায় যক্ষা রোগের জীবাণু শনাক্ত করা হয় এবং শতকরা হারে হিসাব করা হয়।	স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৪.৪] এইচআইভি ও এইডস প্রতিরোধ এবং নিয়ন্ত্রণ	[৪.৪.১] এআরটি (ART) প্রাপ্য এইচআইভি রোগী	এইডস চিকিৎসায় ব্যবহৃত এআরটি (এন্টি-রেট্রোভাইরাল থেরাপি) প্রাপ্য এইচআইভি রোগীর সংখ্যা।	স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৪.৫] জরায়ু-মুখের ক্যান্সার স্ক্রীনিং এবং নির্ণয়ের সুবিধা বৃদ্ধি	[৪.৫.১] জরায়ু-মুখের ক্যান্সার স্ক্রীনিংকৃত রোগী	বাংলাদেশে মহিলাদের মৃত্যুর অন্যতম কারণ জরায়ু-মুখের ক্যান্সার। জরায়ু-মুখের ক্যান্সার নির্ণয়ের লক্ষ্যে স্ক্রীনিংকৃত রোগীর সংখ্যা। এই সূচক মহিলাদের জরায়ুর ক্যান্সার-পূর্বাবস্থা শনাক্তকরণে ও সঠিক সময়ে চিকিৎসা প্রদান মহিলাদের মৃত্যু হ্রাসে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।	স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৫.১] চিকিৎসা শিক্ষা শক্তিশালীকরণ	[৫.১.১] প্রশিক্ষিত শিক্ষক	বাংলাদেশে চিকিৎসা শিক্ষা বিষয়ে শিক্ষকের সংকট রয়েছে। দক্ষ স্বাস্থ্য জনশক্তি গঠনে চিকিৎসা শিক্ষা বিষয়ে শিক্ষক প্রশিক্ষণের গুরুত্ব অপরিসীম।	স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৫.২] সরকারি মিডওয়াইফের সংখ্যা বৃদ্ধিকরণ	[৫.২.১] সরকারি মিডওয়াইফ	প্রসবকালে মাতৃ মৃত্যুর হার কমিয়ে আনতে সরকার দেশে তিন হাজার প্রশিক্ষিত 'মিডওয়াইফ' বা ধাত্রী নিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করেছে। প্রতিটি উপজেলায় চারজন এবং নির্বাচিত ইউনিয়নে একজন করে ডিপ্লোমা প্রশিক্ষণপ্রাপ্ত মিডওয়াইফ নিয়োগ করা হবে। চলতি বছরে থেকে এই নিয়োগ কার্যক্রম শুরু হবে।	সেবা পরিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৫.৩] জিএমপি (GMP) বিষয়ে কর্মী প্রশিক্ষণ	[৫.৩.১] জিএমপি (GMP) বিষয়ে প্রশিক্ষিত কর্মী	মানসম্মত ও নিরাপদ ঔষধ উৎপাদন ও বিপণনোত্তর সার্ভিলেন্স জোরদারকরণের লক্ষ্যে ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক জিএমপি বিষয়ে প্রশিক্ষিত কর্মী সংখ্যা।	ঔষধ প্রশাসন অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৫.৪] অটিজম এবং নিউরো-ডেভলপমেন্টাল প্রতিবন্ধীদের সেবা বিষয়ে স্বাস্থ্যকর্মী প্রশিক্ষণ	[৫.৪.১] অটিজম এবং নিউরো-ডেভলপমেন্টাল প্রতিবন্ধী সেবা বিষয়ে প্রশিক্ষিত স্বাস্থ্যকর্মী	অটিজম ও নিউরো-ডেভলপমেন্টাল প্রতিবন্ধীদের সেবা প্রদানে প্রশিক্ষিত স্বাস্থ্য কর্মীর সংখ্যা। এই সূচক এ সকল রোগ শনাক্তকরণ ও সঠিক সেবা প্রদানে প্রশিক্ষিত জনবল তৈরির বর্তমান ও ভবিষ্যতের অবস্থান নির্ণয়ে সহায়তা করবে।	স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র	সাধারণ মন্তব্য
[৬.১] প্রাতিষ্ঠানিক প্রসব সুবিধা সম্প্রসারণ	[৬.১.১] প্রসবপূর্ব (ন্যূনতম ১ বার) সেবা গ্রহীতা	গর্ভকালীন নারীর সর্বমোট ৪ বার প্রসবপূর্ব শারীরিক পরীক্ষা প্রয়োজন। এ সূচকের উদ্দেশ্য কমপক্ষে একবার পরীক্ষাকৃত মায়েদের সংখ্যা জানা । এ সূচকের সংখ্যা বৃদ্ধি পেলে প্রসবকালীন ঝুঁকি হ্রাস পায় এবং প্রসব পূর্ব জটিলতা শনাক্ত করা এবং চিকিৎসাসহ প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া সম্ভব হয়।	স্বাস্থ্য অধিদপ্তর পরিবার পরিকল্পনা অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
	[৬.১.২] দক্ষ ধাত্রী (এসবিএ) দ্বারা প্রসব	দক্ষ ধাত্রী দ্বারা প্রসবের শতকরা হার। ৬ মাসব্যাপি প্রশিক্ষণে স্বাভাবিক প্রসব, প্রসব পূর্ব সেবা, প্রসব পরবর্তী সেবা এবং নবজাতকের যত্ন সম্পর্কে স্বাস্থ্য কর্মীকে দক্ষ করে তোলা হয়। এ সংখ্যা বৃদ্ধি হলে শিশু ও মাতৃ মৃত্যু হ্রাসে উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে। স্বাভাবিক প্রসবের একটি বড় অংশ এখনও অদক্ষ ধাত্রী দ্বারা সম্পন্ন হয়ে থাকে এবং মাতৃ ও শিশু মৃত্যু ঝুঁকি বৃদ্ধি করে।	স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৬.২] সম্প্রসারিত টিকাদান কর্মসূচি	[৬.২.১] ইপিআই কভারেজ (হাম)	হামের টিকা প্রাপ্ত শিশুর হার। হামের টিকা ৯ মাস বয়সী শিশুদের দেওয়া হয় এবং এ সূচকের বৃদ্ধি সম্প্রসারিত টিকাদান কর্মসূচির কভারেজ পরিমাপকে নির্দেশ করে।	স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	
[৬.৩] পুষ্টি কর্মসূচি বাস্তবায়ন	[৬.৩.১] শিশুদের (৬-৫৯ মাস) ভিটামিন-এ পরিপূরক প্রদান	বাংলাদেশের অনেক শিশু ভিটামিন-এ এর অভাব জনিত অপুষ্টিতে ভোগে। ৬-৫৯ মাসবয়সী শিশুদের ভিটামিন-এ এর অভাব জনিত অপুষ্টি রোধে ভিটামিন-এ পরিপূরক প্রদান করা হয়। ভিটামিন-এ প্রদানের হার বৃদ্ধি, পুষ্টির সফলতা পরিমাপের সূচক।	স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন	

সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

প্রতিষ্ঠানের ধরণ	প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা	প্রত্যাশার যৌক্তিকতা	উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
বিভাগ	স্থানীয় সরকার বিভাগ	কৃমিনাশক বড়ি গ্রহনকারী স্কুলগামী শিশু (৫-১২ বছর),ইপিআই কভারেজ (হাম),শিশুদের (৬-৫৯ মাস) ভিটামিন-এ পরিপূরক প্রদান	শহর অঞ্চল, সিটি কর্পোরেশন এলাকায় পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন, স্কুলগামী শিশুদের কৃমিনাশক বড়ি প্রদান, ইপিআই কার্যক্রম বাস্তবায়ন এবং ৬-৫৯ বয়সী শিশুদের ভিটামিন-এ পরিপূরক প্রদান কার্যক্রম বাস্তবায়ন	শহর অঞ্চল, সিটি কর্পোরেশন এলাকায় পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন, স্কুলগামী শিশুদের কৃমিনাশক বড়ি প্রদান, ইপিআই কার্যক্রম বাস্তবায়ন এবং ৬-৫৯ বয়সী শিশুদের ভিটামিন-এ পরিপূরক প্রদান কার্যক্রম স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত হয়।	২০%	লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে না।